Times Today BD

শাহজাহান আলী বিপাশ | দেশজুড়ে | 28 April, 2025

বর্ণাঢ্য শোভাযাত্রা, আলোচনা সভাসহ বিভিন্ন আয়োজন এর মধ্য দিয়ে ঝিনাইদহে জাতীয় আইনগত সহায়তা দিবস পালিত হয়েছে। দিনব্যাপী আয়োজনে জেলা ও দায়রা জজ আদালতের সকল বিচারক, আইনজীবী, কর্মকর্তা-কর্মচারী, আইনজীবী সহকারী সহ নানা শ্রেণি পেশার মানুষ অংশ নেন।

সোমবার (২৮ এপ্রিল) সকাল ৯টায় জেলা দায়রা জজ আদালত প্রাঙ্গণে দিবসের কর্মসূচি শুরু হয়।এসময় জেলা ও দায়রা জজ মো. এমরান হোসেন চৌধুরী ও জেলা প্রশাসক মোহাম্মদ আবদুল আওয়াল শান্তির প্রতীক পায়রা উড়িয়ে দিবসের উদ্বোধন করেন।

উদ্বোধন শেষে একটি বর্ণাঢ্য শোভাযাত্রা বের হয়। শোভাযাত্রাটি ঝিনাইদহ-চুয়াডাঙ্গা সড়ক প্রদক্ষিণ করে আদালত চত্বরে এসে শেষ হয়।

শোভাযাত্রায় জেলা প্রশাসক মো. আব্দুল আওয়াল, জেলা লিগ্যাল এইডের চেয়ারম্যান ও সিনিয়র জেলা ও দায়রা জজ এমরান হোসেন চৌধুরী এবং অতিরিক্ত পুলিশ সুপার ইমরান জাকারিয়া অংশ নেন।এতে আরও উপস্থিত ছিলেন জেলা আইনজীবী সমিতির সভাপতি কাজী একরামুল হক আলম, সাধারণ সম্পাদক অ্যাডভোকেট আব্দুর রশিদ বিশ্বাস, নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনালের পাবলিক প্রসিকিউটর অ্যাডভোকেট ইশারত হোসেন খোকনসহ আইনজীবী ও আইনজীবী সহকারীরা।

পরে সকাল ১০টায় জেলা আইনজীবী সমিতির কার্যালয় চত্বরে আলোচনা সভার আয়োজন

করা হয়।সভায় বক্তারা বিনামূল্যে আইনগত সহায়তার গুরুত্ব ও প্রয়োজনীয়তা তুলে ধরেন। সভায় সাধারণ জনগণের মধ্যে সরকারি খরচে ও অসহায় বিচারপ্রার্থীদের লিগ্যাল এইড সেবা প্রদানের নানা দিক নিয়ে আলোচনা করেন বক্তারা।

বর্ণাঢ্য শোভাযাত্রা আইন জেলা ও দায়রা জজ

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 19:34

URL: https://www.timestodaybd.com/across-the-country/1560721923